

ମଡେଲ ଅୟାନ୍ତିଭିଟି ଟାଙ୍କ

সপ্তম শ্রেণি

বাংলা (প্রথম ভাষা)

১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি প্রশ্নের মান - ২)

 - ১.১ ‘বাইরের চলাটা আসল নয়।’ — প্রকৃত চলা কোন্টি?
 - ১.২ ‘জবাবটা জেনে নেব মেজদাকে খুঁচিয়ে।’ — কোন্ প্রশ্নের জবাব মেজদার কাছে মিলবে?
 - ১.৩ ‘আপনি আমার সঙ্গে ঠাট্টা করছেন।’ — কোন্ কথার অবতারণাকে বক্তার ‘ঠাট্টা’ মনে হয়েছে?
 - ১.৪ জেমস এইচ. কাজিন্স কে ছিলেন?
 - ১.৫ ‘এ ছবি আমি পরেও দেখেছি।’ — কোন্ দৃশ্যবর্ণনা প্রসঙ্গে একথা এসেছে?
 - ১.৬ ‘তাদের রাজত্ব হের অক্ষুণ্ণ কেমন?’ — কাদের রাজত্ব কেন অক্ষুণ্ণ রয়েছে বলে কবি মনে করেন?
 - ১.৭ ‘নীরব এখানে অমর কিয়াণপাড়া।’ — কিয়াণপাড়াকে ‘অমর’ বলা হয়েছে কেন?

২. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো : (প্রতিটি প্রশ্নের মান - ৩)

 - ২.১ ‘জীবনের ৪৪০ তে মানুষ বিশ্বকীর্তি স্থাপনা করেছে।’ — মানুষের সেই কীর্তির কথা ‘কার দৌড় কদূর’ রচনায় কীভাবে বর্ণিত হয়েছে?
 - ২.২ ‘তুমি একটা স্পাই।’ — কোন্ পরিস্থিতিতে বক্তার একথা মনে হয়েছে?
 - ২.৩ সরলা দেবী তাঁর ‘জীবনের বারাপাতা’ গ্রন্থে রবীন্দ্রসঙ্গীত সম্পর্কে কোন্ তথ্য পরিবেশন করেছেন?
 - ২.৪ ‘এই ছিল তখনকার কোনো স্বদেশি মিটি-এর রীতি।’ — রীতিটি কী?
 - ২.৫ ‘সবুজ ফসলে সুবর্ণ যুগ আসে।’ — উদ্ধৃতাংশের তাংপর্য বিশ্লেষণ করো।

৩. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

 - ৩.১ ‘খা, র, ঘ এই তিনি বর্ণের পরের শব্দের মধ্যে ন > গ হয়।’ — প্রতিক্ষেত্রে একটি করে উদাহরণ দাও।
 - ৩.২ ‘পিতৃ ও মাতৃ শব্দের সঙ্গে স্বস্য শব্দের যোগ হলে স্বস্য শব্দের প্রথম স্থানে য’। — উদাহরণ দাও।
 - ৩.৩ ভাবপ্রকাশক ধ্বন্যাত্মক শব্দের প্রয়োগে একটি বাক্য রচনা করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।